

দু'টি বিন্দুর মধ্যে

বড় বেশি কষ্ট হয় জীবনের পরত ছাড়াতে  
বিস্ত্র প্রাঙ্গন জুড়ে তিতির পাখির মত  
উষঃ আর তুচ্ছ হয়ে যায় ব্যথার পসরা  
বড় গৌণ হয় তখন মধ্যবর্তী পথ।  
ল্যাম্পপোস্টের সমস্ত আলো নিভে গেলে  
সোনালী চুলের প্রতিটি গন্ধে ভেসে যায়  
বিধুর শূন্যতা।  
দুটি বিন্দুর মধ্যে একটিই সরলরেখা  
গণিতের নিয়মে চিরকাল শুধু ছুটন্ত  
সময়কেই ধরে রাখে।  
কিংবা আরো দূর ছুটন্ত বিন্দুতে তাড়িত করে দেয়।  
অত্যন্ত সরল কোন রেখা প্রকৃতিই সরল কিনা  
সেকথা জানাতে আজ বড় কষ্ট হয়।  
বিস্ত্র প্রাঙ্গন জুড়ে তিতির পাখির মত অজস্র ঢেউ  
বার বার তুচ্ছ করে দেয় মধ্যবর্তী পথ।

মানসী সরকার

